## আকাশবাণী শিলচর

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**10 AUGUST 2024** **7:35—7:40 AM IST**

==========================================================

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির অধ্যক্ষতায় গতকাল কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠকে প্রধানমন্ত্রী আবাস যোজনার (শহর) দ্বিতীয় পর্যায়ের অনুমোদন জানানো হয়েছে। মন্ত্রিসভা ২০২৪-২৫ অর্থবছর থেকে ২০২৮-২০২৯ অর্থবছরের প্রধানমন্ত্রী গ্রামীন আবাস যোজনা লাগু করার বিষয়ে অনুমোদন জানিয়েছে। কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব গতকাল সাংবাদিকদের একথা জানান।

---------------------------------------------------------------------------

বাংলাদেশের বর্তমান পরিস্থিতির পরিপ্রেক্ষিতে ভারত-বাংলাদেশ সীমান্ত পর্যবেক্ষণের জন্য কেন্দ্রীয় সরকারের সরাষ্ট্র মন্ত্রণালয় একটি উচ্চ পর্যায়ের কমিটি গঠন করেছে । এই কমিটি বাংলাদেশে থাকা ভারতীয় নাগরিক এবং সেদেশের সংখ্যালঘু সম্প্রদায়ের লোকেদের সুরক্ষার দিকটির প্রতি লক্ষ্য রেখে বাংলাদেশ কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ বজায় রাখবে । সীমান্ত সুরক্ষা বাহিনী (বি এস এফ)এর ইস্টার্ন কমান্ডের অতিরিক্ত সঞ্চালক প্রধানকে এই কমিটির অধ্যক্ষের দায়িত্ব দেওয়া হয়েছে । কেন্দ্রীয় সরাষ্ট্র মন্ত্রণালয়ের সীমান্ত ব্যবস্থাপনা বিভাগের গঠন করে দেওয়া এই কমিটির অন্য চার সদস্য হিসেবে বি এস এফ'এর দক্ষিণ বঙ্গ সীমান্ত মুখ্য কার্যালয়ের মহাপরিদর্শক, সীমান্ত নিরাপত্তা

বাহিনীর ত্রিপুরা মুখ্য কার্যালয়ের মহাপরিদর্শক, স্থল বন্দর কর্তৃপক্ষের উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের সদস্য এবং এই বিভাগের সচিবকেও রাখা হয়েছে ।

এদিকে প্রতিবেশী রাষ্ট্র বাংলাদেশের অশান্ত পরিস্থিতি এবং ভারতের সীমা সুরক্ষা সম্পর্কে আসামের মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা প্রতিক্রিয়া ব্যক্ত করে বলেছেন যে- কেন্দ্রীয় সরকারের নির্দেশ অনুযায়ী ভারত-বাংলাদেশ আর্ন্তজাতিক সীমান্ত সম্প্রতি বন্ধ করে রাখা হয়েছে । মুখ্যমন্ত্রী সম্প্রতি সংবাদ মাধ্যমের কাছে এই বিষয়ে জানিয়ে বলেন যে- কেবলমাত্র পাসপোর্ট থাকা শিক্ষার্থীরাই বাংলাদেশ থেকে ভারতে প্রবেশ করতে পারবে । পাসপোর্ট ছাড়া কোনো লোককে বাংলাদেশ থেকে ভারতে প্রবেশ করতে দেওয়া হবেনা বলে তিনি স্পষ্ট করে দিয়েছেন ।

এদিকে আসাম পুলিশের সঞ্চালক প্রধান জি পি সিং বলেছেন যে- আসাম পুলিশ বাংলাদেশের সাম্প্রতিক পরিস্থিতি পর্যালোচনা করে চলেছে । এর অংশ হিসেবে সীমান্তে নিরাপত্তা ব্যবস্থা আরো জোরদার করা হয়েছে এবং সীমান্ত সুরক্ষা বাহিনীও সক্রিয় রয়েছে বলে তিনি উল্লেখ করেন ।

---------------------------------------------------------------------------

আসাম ও মিজোরামের মধ্যে দীর্ঘদিনের সীমা সমস্যা সমাধানের উদ্দেশ্যে গতকাল উভয় রাজ্যের মধ্যে মন্ত্রী পর্যায়ের বৈঠক অনুষ্ঠিত হয়েছে । আসামের সীমান্ত সুরক্ষা ও উন্নয়ন মন্ত্রী অতুল বরার নেতৃত্বে এক প্রতিনিধি দল গতকাল আইজলে পৌছে মিজোরাম অতিথিশালায় এক বৈঠকে মিলি্যত হন । মিজোরামের প্রতিনিধি দলের নেতৃত্বে ছিলেন ওই রাজ্যের গৃহ মন্ত্রী কে সাপডাঙ্গা । উভয় রাজ্যের মন্ত্রীরা এ সম্পর্কে একটি সাংবাদিক সম্মেলনে সম্বোধন করএন । উল্লেখ্য মূখ্যমন্ত্রী লালডোমহা নেতৃত্বাধীন জোরাম পিপলস মুভমেন্ট দল শাসনে আসার পর এটি উভয় দেশের মধ্যে প্রথম সীমা সংক্রান্ত বিষয়ে বৈঠক হিসেবে পরিগণিত হয়েছে ।

---------------------------------------------------------------------------

আরুণোদয় প্রকল্পের হিতাধিকারীরা চলতি মাসে আজ অর্থাৎ ১০ আগস্টের পরিবর্তে ১২ আগস্ট প্রকল্পের অর্থ লাভ করবেন ।আজ এবং আগামী কাল

সরকারী বন্ধ থাকার জন্য অরুণোদয় প্রকল্পের হিতাধিকারীরা এমাসে প্রাপ্য এক হাজার ২৫০ টাকা ১২ আগস্ট অর্থাৎ আগামী সোমবার লাভ করবেন ।রাজ্যসরকারের গৃহ বিভাগ এক প্রেস বিবৃতির মাধ্যমে একথা জানিয়েছে ।

---------------------------------------------------------------------------

আসাম পুলিশের এস টি এফের আই জি পার্থসারথি মহন্ত এবং করিমগঞ্জের পুলিশ সুপার পার্থপ্রতিম দাসের নেতৃত্বে গতকাল রাতে করিমগঞ্জ বাইপাস এলাকায় অভিযান চালিয়ে বৃহৎ পরিমানের ড্রাগস বাজেয়াপ্ত করেছে ।এছাড়া ড্রাগস সরবরাহ করার অভিযোগে চারজন লোককে গ্রেপ্তার করা হয়েছে এবং সরবরাহকারীদের ব্যবহার করা লড়িটিও জব্দ করা হয়েছে ।এস টি এফের আইজি শ্রী মহন্ত জানান যে গোপন সূত্রের খবরের ভিত্তিতে অভিযান চালিয়ে করিমগঞ্জ বাইপাসের একটি হোটেলের সামনে একটি লড়িতে তল্লাশি চালিয়ে লড়ির গোপন চেম্বার থেকে ১ হাজার ৩০০ গ্রাম হেরোইন এবং ৩ লক্ষ ৫০ হাজার ইয়াবা টেবলেট বাজেয়াপ্ত করা হয়েছে ।উদ্ধার করা সামগ্রীগুলোর বাজারমূল্য ১১৫ কোটি টাকার ও বেশী হবে । প্রাথমিক তদন্তে এই ড্রাগস মিজোরাম থেকে অন্য কোথাও সরবরাহ করার পরিকল্পনা করা হয়েছিল বলে তিনি জানান ।

---------------------------------------------------------------------------

হাইলাকান্দি পুলিশ লালা রুরেল কলেজের এক ছাত্রকে সামাজিক মাধ্যমে আপত্তিকর মন্তব্য করা এবং দেশ বিরোধী কার্য্যকলাপে জড়িত থাকার সন্দেহে গ্রেপ্তার করেছে । হাইলাকান্দির অতিরিক্ত পুলিশ সুপার সমীর দপ্তর বরুয়া গতকাল হাইলাকান্দিতে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে জানান যে ‘আমাদের হাইলাকান্দি’ নামের একটি ফেসবুক গ্রুপে লালা চন্দ্রপুর গ্রামের বাসিন্দা এবং লালা রুরেল কলেজের এক ছাত্র নিজেকে আল কায়দার সর্মথক বলে ঘোষনা করেছে । এছাড়া বাংলাদেশের পর এবার ভারত তথা আসামে হিংসাত্মক কার্য্যকলাপ সংগঠিত করা হবে বলে এই যুবকটি দাবী করেছে । অতিরিক্ত পুলিশ সুপার শ্রী বরুয়া আরো জানান যে- পুলিশ আটক যুবকটির সঙ্গে যোগাযোগ রাখা অন্য একজন ব্যাক্তির সন্ধানে রয়েছে । এছাড়া পুলিশ ‘আমাদের হাইলাকান্দি’ গ্রুপের অন্যান্য সদস্যদেরও জিজ্ঞাসাবাদ করছে ।

-----------------------------------------------------------------------------

প্যারিস অলিম্পিকে ভারতীয় কুস্তিগীর অমন শেরাওয়াত পুরুষের ৫৭ কিলোগ্রাম শাখায় ব্রোঞ্জ পদক অর্জন করেছেন। এদিকে ভারতীয় এথলিট নীরজ চোপড়া পুরুষের জ্যাভলিন থ্রো-য়ে রূপোর পদক অর্জন করে এথলেটিক্সে দুবার পদক অর্জন করা ভারতীয় এথলেটিস্কে ট্রেক অ্যান্ড ফিল্ড হিসেবে পরিগণিত হয়েছেন। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মূ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি উভয় খেলোয়াড়কে শুভেচ্ছা জানিয়েছেন।

-----------------------------------------------------------------------------

ধলাই-র মাতৃভূমি কাপ প্রাইজমানি নক আউট ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় মথুরাপুর এফ সি এম এইচ সি ক্লাবের বিরুদ্ধে খেলবে । ধলাই বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার গতকালের খেলায় বাম ডেভেলপমেন্ট ক্লাব ৬-১ গোলের ব্যবধানে বাঘখাল এফ সি দলকে পরাজিত করেছে ।

-----------------------------------------------------------------------------